



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
জেলা সমবায় অফিস
পাবনা
cooperative.pabna.gov.bd

নম্বর: ৪৭.৬১.৭৬০০.০০০.০০০.২৫.০০১৪.১৮.১৬৭৯

তারিখ: ১১ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
২৭ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

যথাসময়ে ভ্রাম্যমান প্রশিক্ষণ অনুষ্ঠান নিশ্চিতকরণার্থে তার উপজেলাধীন সমবায়ীদের সমন্বয়ে নিম্নবর্ণিত তারিখ সমূহে সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত সংশ্লিষ্ট উপজেলা চত্বর অথবা স্থানীয় সুবিধাজনক স্থানে ০১ (এক) দিন ব্যাপী ভ্রাম্যমান প্রশিক্ষণ অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। উক্ত ভ্রাম্যমান প্রশিক্ষণে একটি কার্যকর বা সম্ভাবনাময় সমিতি হতে ০১ জন করে ২৫ (পঁচিশ) জন (অবশ্যই পড়তে ও লেখতে পারে এমন) সমবায়ীকে আমন্ত্রণ পূর্বক প্রশিক্ষণের সময় উপস্থিত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো। মনোনীত প্রশিক্ষণার্থীকে সমিতির সকল চলমান খাতা পত্র সংগে নিয়ে আসতে হবে। উল্লেখ যে, নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের নির্দেশনা এবং প্রশিক্ষণের কোর্স কারিকুলাম মোতাবেক যে কোন ০৫ (পাঁচ) জন কর্মকর্তা (অতিথি বক্তা) এর উপস্থিতি নিশ্চিত করতে হবে। যুগ্ম-নিবন্ধক, রাজশাহী মহোদয় কর্তৃক নির্ধারিত মডিউল অনুযায়ী প্রশিক্ষণ অনুষ্ঠান করতে হবে এবং IDSDP-তে প্রশিক্ষণ সংক্রান্ত সকল তথ্য এন্ট্রি করতে হবে। এছাড়াও প্রশিক্ষণে উপস্থিত প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ সামগ্রী ও দুপুরের খাবারের ব্যবস্থা সহ অন্যান্য প্রয়োজনীয় বিষয়গুলো নিশ্চিত করতে হবে। উল্লেখ, সময়ে সময়ে প্রদত্ত নির্দেশনা কঠোরভাবে প্রতিপালন পূর্বক প্রশিক্ষণ আয়োজনের জন্য বলা হলো।

উপজেলার নাম	প্রশিক্ষণ অনুষ্ঠানের তারিখ	উপজেলার নাম	প্রশিক্ষণ অনুষ্ঠানের তারিখ
১	২	১	২
পাবনা সদর	০৫/১১/২৫	ফরিদপুর	২০/১১/২৫
ঈশ্বরদী	১০/১১/২৫	সাঁথিয়া	২৩/১১/২৫
আটঘরিয়া	১২/১১/২৫	বেড়া	২৫/১১/২৫
চাটমোহর	১৭/১১/২৫	সুজানগর	২৭/১১/২৫
ভাঙ্গুরা	১৯/১১/২৫		

২৭-১০-২০২৫
মোঃ হোসেন শহীদ
জেলা সমবায় কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)
০২৫৮৮৮৪৬১৮২
dco.pabna@coop.gov.bd

নম্বর: ৪৭.৬১.৭৬০০.০০০.০০০.২৫.০০১৪.১৮.১৬৭৯/১ (৩)

তারিখ: ১১ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
২৭ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- উপজেলা সমবায় অফিসার, পাবনা সদর/আটঘরিয়া/চাটমোহর/ভাঙ্গুরা/ফরিদপুর/ঈশ্বরদী/সাঁথিয়া/বেড়া/সুজানগর, পাবনা।
- পরিদর্শক (সকল), জেলা সমবায় কার্যালয়, পাবনা। ভ্রাম্যমাণ টীমে প্রশিক্ষকের পদ শূণ্য থাকায় জেলা সমবায় অফিসের সংশ্লিষ্ট উপজেলার দায়িত্বপ্রাপ্ত পরিদর্শক (ডেস্ক অফিসার) ভ্রাম্যমাণ প্রশিক্ষণের কোর্স পরিচালকের দায়িত্ব পালন করবেন।
- শামীম আহমেদ, সহকারী প্রশিক্ষক, জেলা সমবায় অফিস, পাবনা, (তাকে সহকারী কোর্স পরিচালকের দায়িত্ব পালনের জন্য বলা হলো)।